নতুন ব্যবহারকারীর জন্য বন্ধ হয়ে গেল গুগল পেজ ক্রিয়েটর

অত্যন্ত সহজ পদ্ধতিতে ছোটখাট আকর্ষণীয় তথ্যবহুল সাইট নির্মাণ করা যেত গুগল পেজ ক্রিয়েটর ব্যবহার করে। শুধুমাত্র একটি জিমেইল একাউন্ট থাকলেই একই আইডি দিয়ে বা ভিন্ন আইডি বাছাই করে নির্মাণ করা যেত চোখ ধাঁধাঁনো সব ওয়েবসাইট এক নিমিষেই। যারা এত দিনেও এ সুযোগ গ্রহণ করেনি, তাদের জন্য দুঃসংবাদ। গুগল পেজ ক্রিয়েটর নতুন ব্যবহারকারীদের জন্য আর সহজলভ্য নয়। গুগল পেজ ক্রিয়েটরের সহজতম ওয়েবসাইট তৈরি ও ডিজাইনের মনোরম ব্যবহারবান্ধব পরিবেশের দরজা নতুন ব্যবহারকারীদের জন্য বন্ধ হয়ে গেল চিরদিনের জন্য।

গুগল এক নোটিশে জানিয়েছে, গুগল পেজ ক্রিয়েটর আর কখনোই কোনো নতুন রেজিস্ট্রেশন গ্রহণ করবে না। তবে existing সাইটগুলোতে ব্যবহারকারীরা প্রবেশ করতে পারবে ও আগের মতোই সব ফিচার উপভোগ করতে পারবে। এই প্রজন্মে ওয়েবসাইট হচ্ছে কোনো কোম্পানি বা ব্যক্তির অন্যতম একটি মাধ্যম যা দ্বারা কোম্পানি বা ব্যক্তি দুই-ই নিজেকে প্রকাশ করতে পারে বিশ্বব্যাপী। তবে এর কাজ খুবই জটিল হওয়ায় গুগল নিয়ে আসে পেজ ক্রিয়েটর, যা ব্যবহার করে এইচিটিএমএল, পিএইচপি, জাভাস্ক্রিপ্ট ইত্যাদি কোনো কোডিংয়ের ‘ক’ও জানেন না যারা, তারাও তৈরি করতে পারবেন আকর্ষণীয় মনোমুগ্ধকর ওয়েবসাইট। তবে আর নয়। যারা এত দিনেও গুগল পেজ ক্রিয়েটরের সুবিধা গ্রহণ করেনি, তারা আর পারবেও না। কারণ দরোজা বন্ধ হয়ে গেছে। পূর্ব প্রজন্ম মাঠে মারা যাচ্ছে।

এবার আসছে নতুনের পদার্পণ। নতুনের পদচারণায় পুরোনো আরো ম্লান হয়ে যায়। যেমনটা হয়েছে গুগল পেজ ক্রিয়েটরের!

এবারে নতুন ব্যবহারকারীদের মুখে একটু হাসি ফোটানো যাক। যারা গুগল পেজ ক্রিয়েটরে এখনো প্রবেশ করতে পারেননি, তাদের জন্য গুগল তাদের পেজ ক্রিয়েটরের রুপালি দরজা বন্ধ করে উন্মুক্ত করে দিয়েছে গুগল সাইটসের সোনালি দরজা, যা আপনাকে নিয়ে যাবে বর্তমান ও ভবিষ্যত্ প্রজন্মের এক নতুন দিগন্তে। যেখানে আপনি প্রফেশনাল ওয়েব নির্মাণ করতে পারবেন, কোনোরকম কোডিং ছাড়াই, কোনো ঝুট-ঝামেলা ছাড়াই। স্বল্পতম সময়ে, আকর্ষণীয় দৃষ্টিনন্দন ডিজাইনে, অধিক ব্যবহার বান্ধব করে, আরো জনপ্রিয়তা অর্জনের সক্ষমতা তৈরি করে।

গুগল পেজ ক্রিয়েটরে যা ছিল না, তারই এক বিশাল সংযোজন গুগল সাইটস, এখানে আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন কারা কারা আপনার সাইট সম্পাদনা করতে পারবেন। গুগল পেজ ক্রিয়েটরে এ সুবিধা ছিল না। ওখানে আপনি যা তৈরি করবেন, তা একমাত্র আপনিই হালনাগাদ করতে পারতেন। কেননা, যে আইডি ও পাসওয়ার্ড দিয়ে আপনি গুগল পেজ ক্রিয়েটরে প্রবেশ করতেন, সেই আইডি আর পাসওয়ার্ডই আপনার জিমেইল আইডি ও পাসওয়ার্ড। যা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। একজনের ইমেইল একাউন্টের পাসওয়ার্ড অন্যকে দেওয়ার তো প্রশ্নই আসে না। তবে গুগল সাইটসে প্রত্যেকে তাদের নিজ নিজ গুগল অ্যাকাউন্টে সাইন ইন করেই আপনার সাইটকে সম্পাদনা করতে পারবেন, যদি আপনি তাদেরকে আপনার সাইট সম্পাদনার অধিকার প্রদান করে থাকেন। এছাড়া পুরো প্রফেশনাল একটি ওয়েবসাইট নির্মাণে যা যা প্রয়োজন, তার প্রায় সবই আছে গুগল সাইটস এ। গুগল সাইটস এ কাজ শুরু করার আগে আপনি কিছু উদাহরণস্বরূপ তৈরি সাইট দেখতে পারেন। টিম প্রজেক্ট, স্কি ক্লাব, ক্লাসরুম, কোম্পানি ইন্ট্রানেট।

এছাড়াও গুগল সাইটস এর হোমপেজে গেলে আপনি আরো কিছু এক্সামপল সাইট দেখতে পারেন।

কী হবে পুরোনো ব্যবহারকারীদের

পুরোনো ব্যবহারকারীদের ভয় পাওয়ার কোনো কারণ নেই। গুগল শুধু পেজ ক্রিয়েটরে নতুন সাইন আপ গ্রহণ করা বন্ধ করেছে। যাদের ইতিমধ্যেই সাইট আছে, তারা তাদের সাইট যথারীতি আপডেট করতে পারেন কিংবা আগের মতোই স্বাভাবিকভাবে ব্যবহার করে যেতে পারেন। তবে গুগল বলছে, এই বছরের শেষের দিকে গুগল পেজ ক্রিয়েটর পুরোপুরি বিলীন হয়ে যেতে পারে। যদি বিলীন করা হয়, তাহলে গুগল স্বয়ংক্রিয়ভাবে আপনার সাইটের সমস্ত তথ্য/কন্টেন্ট গুগল সাইটস এ ট্রান্সফার করবে। যেহেতু কম্পিউটার নিয়ন্ত্রিত কাজ, তাই কিছু ভুলচুক হয়ে যেতেই পারে। তাই সতর্কতাস্বরূপ গুগল তাদের পেজ ক্রিয়েটরের বর্তমান ব্যবহারকারীদের স্ব-উদ্যোগে নিজে নিজে গুগল সাইটস এ ট্রান্সফার করার পরামর্শ দিয়েছে।

শুরু করুন

এখানে ক্লিক করে আপনার জিমেইল আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ-ইন করুন। রিডাইরেক্টেড পেজে ক্রিয়েট ইয়োর সাইট বাটনে ক্লিক করুন। পর্দায় আসা ফরমটি পূরণ করে Create Site-এ ক্লিক করে অপেক্ষা করুন। গুগল

সাইটস এ আপনার সাইটের ঠিকানা হবে এরকম: http://sites.google.com/site/test4bd যেখানে test4bd পরিবর্তিত হয়ে আপনার পছন্দের ঠিকানাটি যুক্ত হবে। আর গুগল পেজ ক্রিয়েটরের মতোই গুগল সাইটস এ-ও আপনাকে ১০০মে.বা. জায়গা দেওয়া হবে বিনামূল্যে।

তো আর দেরি কেন? শুরু করুন সাইট বানানো। আর যাদের ইতিমধ্যেই গুগল পেজ ক্রিয়েটরে সাইট আছে, তাদের তো এখনই ব্যস্ত হয়ে পড়া জরুরি, কারণ নিজ হাতে তথ্য ট্রান্সফার করলে content missing-এর সম্ভাবনা থাকেই না প্রায়।